B.A. 3rd Semester (Honours) Examination, 2022

বাংলা

Course Title: ভাষার ইতিহাস (ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)

Course Code: AHBNG-304-GE-3 Course ID: 30114

সময়ঃ ২ ঘন্টা পূর্ণমানঃ ৪০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

**১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।** ৫ x ২ = ১০

ক) মধ্যভারতীয় আর্যভাষায় 'ঋ-কার'-এর কিরকম পরিবর্তন হয়েছে উদাহরণ দাও?

খ) নব্য-ভারতীয় আর্যভাষার কালসীমা নির্দেশ করো। এই যুগের আর্যভাষার নিদর্শন উল্লেখ করো।

গ) অক্ষর উচ্চারণের কাল অনুসারে কোন আর্যভাষার যুগে ছন্দ ব্যবহার হত? এই যুগের ছন্দ প্রধানত কী?

ঘ) সাহিত্যিক প্রাকৃত কয়টি এবং কী কী?

ঙ) সার্থক 'ক' প্রত্যয়ের ব্যবহার কোন উপভাষায়? উদাহরণ দাও।

চ) নিভাষা কাকে বলে? উদাহরণ দাও।

ছ) ঝাড়খণ্ডী উপভাষার অঞ্চল নির্দেশ করো।

জ) বাংলা চলিত ভাষা কোন উপভাষার উপর ভিত্তি করে গড়ে উঠেছে? অভিশ্রুতি কোন উপভাষার বৈশিষ্ট্য?

**২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ২ x ৫ = ১০

ক) বৈদিক যুগের ভারতীয় আর্যভাষার প্রধান পাঁচটি বৈশিষ্ট্য লেখো।

খ) অপভ্রংশ ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

গ) উপভাষার সৃষ্টি হয় কেন? বাংলার প্রচলিত উপভাষাগুলির সীমাবদ্ধতা নির্দেশ করো।

ঘ) অন্ত্য অঘোষধ্বনির ঘোষীভবন যে উপভাষার বৈশিষ্ট্য সেই উপভাষার যে-কোনো পাঁচটি বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।

**৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** **২ x ১০ = ২০**

ক) উদাহরণসহ যে-কোনো পাঁচটি বৈশিষ্ট্যের সাহায্যে প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে মধ্যভারতীয় আর্যভাষায় বিবর্তনের ধারাটি ব্যাখ্যা করো।

খ) রেখাচিত্রের সাহায্যে নব্য-ভারতীয় আর্যভাষাগুলির জন্ম-উৎসগত বা ঐতিহাসিক বর্গীকরণ সংক্ষেপে আলোচনা করো।

গ) উত্তরবঙ্গে কোন উপভাষা প্রচলিত। সেই উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

ঘ) পূর্ববঙ্গে ব্যবহৃত দু'টি উপভাষা কী কী? তাদের তুলনামূলক আলোচনা করো।